গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
রাজস্ব (এসএ) শাখা
www.bogra.gov.bd

নম্বর: ০৫.৫০.১০০০.০০৮.৬২.০০৩.১৬.১১৩

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯
০৬ মার্চ ২০২৩

অফিস আদেশ

জনাব মোঃ খায়রুল হক মুন্সী, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, তালোড়া ইউনিয়ন ভূমি অফিস, দুপচাঁচিয়া, বগুড়া এর ১২/০২/২০২৩ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে তার নিজের চিকিৎসা গ্রহণের জন্য ভারতে গমনের উদ্দেশ্যে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৩(১)(!) বিধি এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৬.০৬.০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) নং পরিপত্র মোতাবেক ১৬/০২/২০২৩ খ্রি. তারিখ হতে ১৫/০৩/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১ (এক) মাসের গড় বেতনে অর্জিত (বহি: বাংলাদেশ) ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ভারত গমনের অনুমতি দেয়া হলো।

শর্তাবলি :

১। এ ভ্রমণে সরকারের কোন প্রকার বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না বা আর্থিক সংশ্লেষ থাকবে না।
২। নিজ উদ্যোগে বৈদেশিক মুদ্রায় ব্যয় মিটাতে হবে।
৩। ছুটিকালীন সময়ে বাংলাদেশী মুদ্রায় বেতন ভাতাদি পাবেন।
৪। ছুটির মেয়াদ বৃদ্ধি করা যাবে না।
৫। নির্ধারিত সময়ে দেশে ফিরতে হবে।
৬। বি.এস.আর (অংশ-১) এর বিধি ২৩৪ এর উপ-বিধি ৩৪ অনুযায়ী ছুটি মঞ্জুরির ৩৫ (পঁয়ত্রিশ) দিনের মধ্যে ছুটিতে গমন করতে হবে।

০২. উক্ত কর্মচারীর ছুটিকালিন সময়ে জনাব মোঃ শাহ আলী নেওয়াজ, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস দুপচাঁচিয়া সদর, বগুড়া নিজ দায়িত্বের সাথে অতিরিক্ত দায়িত্ব পালন করবেন।

০৩. এ আদেশ তার চাকরি বহিতে লিপিবদ্ধ করার জন্য বলা হলো।

১০-৩-২০২৩
মো: সাইফুল ইসলাম
জেলা প্রশাসক
ফোন: ০২৫৮৯৯০০০২০
ইমেইল:
dcbogura@mopa.gov.bd

নম্বর: ০৫.৫০.১০০০.০০৮.৬২.০০৩.১৬.১১৩/১(৮)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯
০৬ মার্চ ২০২৩

০৬ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) সহকারী হাই কমিশনার, ভারতীয় হাই কমিশন, রাজশাহী।

২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।

৩) উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।

৪) সহকারী কমিশনার (ভূমি), দুপচাঁচিয়া, বগুড়া।

৫) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন চেকপোস্ট, সোনা মসজিদ স্থল বন্দর/ দর্শনা/ বেনাপোল/ চাঁপাইনবাবগঞ্জ/ চুয়াডাঙ্গা/ যশোর ও হিলি।

৭) উপজেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া।

৮) জনাব মোঃ খায়রুল হক মুন্সী, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, তালোড়া ইউনিয়ন ভূমি অফিস , দুপচাঁচিয়া, বগুড়া।

১০-৩-২০২৩
মো: সাইফুল ইসলাম
জেলা প্রশাসক